গাংনীতে দুই দোকান মালিককে জরিমানা

সরকারের আদেশ অমান্য করায় মেহেরপুরের গাংনী উপজেলা শহরের দুই দোকান মালিককে অর্থদন্ড করেছে ভ্রম্যমান আদালত।

বুধবার দুপুরে ভ্রাম্যমান আদালতের অভিযানে গাংনী বাজারের লেডিস টাচ এন্ড জেন্টস মেলার মালিক রেজাউল ইসলাম ও সাইদ হার্ডওয়ারের মালিক আবু সাইদকে ২হাজার টাকা করে মোট ৪ হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমান আদালতে নির্বাহী ম্যাজিষ্ট্রেট অনিক।

এছাড়াও কালাম হার্ডওয়ারের মালিক মোঃ আবুল কালাম ও আমিরুল মার্কেট এর এক দর্জি ব্যবসায়ীকে মৌখিকভাবে সতর্ক ও মুচলেকা নিয়ে ছেড়ে দেন।

কোটচাঁদপুরে অসহায় মানুষের মাঝে ইউপি সদস্য নাসিরের খাদ্য সামগ্রী বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে করোনা পরিস্থিতির সংক্রমণ প্রতিরোধে কর্মহীন, দরিদ্র, অসহায়, দিনমজুর শ্রমজীবী মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ অব্যহত রেখেছেন উপজেলার কুশনা ইউনিয়নের ইউপি সদস্য ও সেচ্ছাসেবক লীগের সাবেক যুগ্ন-সম্পাদক বিএম নাসির উদ্দীন।

মঙ্গলবার (২১ এপ্রিল) বিকালে জালালপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে নিজস্ব অর্থায়নে ও জালালপুর যুবসমাজের সহযোগিতায় কুশনা ইউনিয়নের বিভিন্ন গ্রামের হতদরিদ্র অসহায় ৪’শ পরিবারকে এই খাদ্য সামগ্রী বিতরণ করেন।

খাদ্য সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি

শরিফুন্নেছা মিকি।

এসময তিনি বলেন, দেশের করোনা পরিস্থিতির সংক্রমণ রোধে সরকারের নির্দেশনা মানতে দিনমজুর শ্রমজীবী মানুষরা কর্মহীন হয়ে পড়ায় মানবতার জীবন-যাপন করছে। ফলে এইসব কর্মহীন, দরিদ্র, অসহায়,দিনমজুর শ্রমজীবীদের পাশে দাড়ানো আমাদের সবারই দায়িত্ব। তিনি বলেন, ইউপি সদস্য বিএম নাসির উদ্দীন অসহায় এইসব মানুষের হাতে খাবার তুলে দিয়ে মানবসেবার নজীর দৃষ্ঠান্ত রাখছেন। শুধুমাত্র জনপ্রতিনিধি না! , সংকটময় এই পরিস্থিতিতে আমাদের সবারই এগিয়ে আসতে হবে।

বাড়ি ভাড়া মওকুফের সিদ্ধান্ত না আসায় আমরণ অনশন অব্যাহত

করোনা পরিস্থিতিতে ভর্তুকি দিয়ে বাড়ি ভাড়া মওকুফের সরকারি সিদ্ধান্ত না আসায় দ্বিতীয় দিনেও অনশন অব্যাহত রেখেছে নতুনধারা বাংলাদেশ এনডিবি। ভর্তুকি দিয়ে বাড়ি ভাড়া মওকুফের দাবিতে সমাজিক দূরত্ব বজায় রেখে নতুনধারা বাংলাদেশ এনডিবির চেয়ারম্যান মোমিন মেহেদীর নেতৃত্বে আমরণ অনশন গতকাল মঙ্গলবার সকাল ৯ টা থেকে শুরু হয়।

জাতীয় প্রেসক্লাবের সামনে কর্মসূচিত্বে বিভিন্ন অসঙ্গতির প্রতিবাদ জানিয়ে বক্তব্য রাখেন সিনিয়র ভাইস চেয়ারম্যান শান্তা ফারজানা, বাংলাদেশ মেস সংঘের মহাসচিব আয়াতুল্লাহ আকতার, সাংগঠনিক সম্পাদক ওয়াজেদ রানা, রাজনীতিক আবুল হোসেন, জাতীয় সাংস্কৃতিক ধারার সহ-সাধারণ সম্পাদক কণ্ঠশিল্পী মো. শরীফ প্রমুখ।

এসময় মোমিন মেহেদী তার বক্তব্যে বলেন, নতুন প্রজন্ম বায়ান্নতে রক্ত দিয়েছে, একাত্তরে রক্ত দিয়েছে প্রয়োজনে এখনো রক্ত দিবো কিন্তু জনগণের অধিকার আদায়ে রাজপথ ছাড়বো না। যতক্ষণ না প্রধানমন্ত্রী বাড়ি ভাড়া সমস্যা সমাধানের পদক্ষেপ নেবেন ততক্ষণ অনশন চলবেই।

উল্লেখ্য, এরই মধ্যে টানা ২ দিনের অনশনে অসুস্থ হয়ে পড়েছেন নতুনধারা বাংলাদেশ এনডিবির সিনিয়র ভাইস চেয়ারম্যান শান্তা ফারজানাসহ ৩ জন নেতাকর্মী। সূত্র- বাংলাদেশ প্রতিদিন

মুজিবনগরে করোনা উপসর্গ নিয়ে ১ জনের মৃত্যু

মেহেরপুরের মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামে ইদ্রিস শাহ নামের একজন করোনা উপসর্গ নিয়ে মৃত্যু বরণ করেন।

বুধবার দুপুরে মেহেরপুর জেনারেল হাসপাতালে তার মৃত্যু হয়।

মৃত ইদ্রিস শাহ মুজিবনগর উপজেলার ভবের পাড়া গ্রামের সুফল শাহর ছেলে।

মৃত ইদ্রিস শাহর ছোট ভাই ফোয়াদ শাহ জানান, বুধবার সকালে আমার ভায়ের মাথা ব্যাথা শুরু হয়। এজন্য প্রথমে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়৷ সেখান থেকে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়। পরে দুপুর ১টার দিকে তার মৃত্যু হয়।

জেনারেল হাসপাতালের আরএমও মখলেছুর রহমান জানান, মাথায় যন্ত্রণা নিয়ে ইদ্রিস আলি হাসপাতালে আসে। পরে দুপুরে তার মৃত্যু হয়।

মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, মৃত ব্যক্তির নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। রিপোর্ট আসার পর জানা যাবে করোনায় আক্রান্ত ছিল কি না।

মেপ্র/এমএফআর

দেশে গত ২৪ ঘন্টায় আরও ৩৯০ জনের করোনা আক্রান্ত

বাংলাদেশে গত ২৪ ঘণ্টায় আরও ৩৯০ জন করোনাভাইরাসে সংক্রমিত রোগী শনাক্ত হয়েছে। এ নিয়ে দেশে মোট শনাক্তের সংখ্যা দাঁড়াল ৩,৭৭২।

আজ বুধবার দুপুরে স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত অনলাইন বুলেটিনে এ তথ্য জানানো হয়।

অনলাইন বুলেটিনে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ৩,০৯৬ জনের নমুনা পরীক্ষা করা হয়। এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন পাঁচজন। এ পর্যন্ত মোট ৯২ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন।

গতকাল মঙ্গলবার নতুন করে ৪৩৪ জন আক্রান্ত হয়েছিলেন এবং আরও ৯ জন মৃত্যুবরণ করেছিলেন। গতকাল পর্যন্ত মোট আক্রান্তের সংখ্যা ছিলো ৩,৩৮২ জন এবং মোট মৃত্যুর সংখ্যা ছিলো ১১০ জন। এছাড়া সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন আরো দুইজন। গতকাল পর্যন্ত সুস্থ হয়েছিলেন ৮৭ জন।

বাংলাদেশে নভেল করোনাভাইরাসে (কভিড-১৯) সংক্রমিত প্রথম রোগী শনাক্ত হয় গত ৮ মার্চ। ১৮ মার্চ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়।

মেহেরপুরে চাঁদাবাজি মামলার ২ আসামী আটক

মেহেরপুরে চাঁদাবাজি মামলার এজাহার ভুক্ত ২ আসামীকে আটক করেছে মেহেরপুর ডিবি পুলিশ।

বুধবার ভোর রাতে পুলিশ পরিদর্শক খন্দকার শাহ আলম ও এসআই অজয়

কুমার কুন্ডু সঙ্গীয় ফোর্স নিয়ে তাদের আটক করেন।

আটককৃতরা হলেন মেহেরপুর শহরের বড় বাজার পাড়ার মহিউদ্দিন শেখ এর ছেলে রাকিবুল ইসলাম রকি(৩৩) ও মন্ডলপাড়ার হান্নান চৌধুরী হানার ছেলে টনিক(২৩)।

আটককৃত আসামীদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি চাঁদাবাজির মামলা আছে যার নং ১৫।

পুলিশ পরিদর্শক খন্দকার শাহ আলম ও এসআই অজয় কুমার কুন্ডু সঙ্গীয় ফোর্স নিয়ে তাদের আটক করেন।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম বিষয়টি নিশ্চিত করে বলেন, চাঁদাবাজির মামলার আরও আসামী পলাতক রয়েছে।

যারা মেহেরপুর শহরসহ বিভিন্ন জায়গায় চাঁদাবাজি সহ বিভিন্ন অপকর্মের সাথে জড়িত। পুলিশ সুপার এস এম মুরাদ আলীর নির্দেশে আমাদের অভিযান অব্যাহত আছে।

মেপ্র/এমএফআর

দায়িত্বে উদাসীন গাংনীর পিআইও

মেহেরপুর জেলার গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তীর বিরুদ্ধে দায়িত্বে উদাসিনতার অভিযোগ উঠেছে। পিআইও অফিসের অধীনে কাজে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ থাকলেও অর্থনৈতিক লেনদেনে তিনি তদারকিতে উদাসিনতা করেন।

গাংনী পিআইও অফিসের উপ-সহকারী প্রকৌশলী জাকির হোসেনের জোগসাজোসে তিনি এ কাজটি করেন বলে বিভিন্ন মাধ্যমে জানা যায়। এছাড়াও বিভিন্ন ঠিকাদারের কাছ থেকে অবৈধ লেনদেনের অভিযোগ রয়েছে জাকির হোসেনের বিরুদ্ধে।

সম্প্রতি গাংনী ভাটপাড়া ডিসি ইকো পার্কের চলমান কাজ সম্পর্কে জানেন না বলে জানিয়েছেন গণমাধ্যমকে। ভাটপাড়ার নির্মানাধীন

স্মৃতিস্থম্ভ নির্মানে অনিয়মের

অভিযোগ নিয়ে মেহেরপুর প্রতিদিনে একটি সংবাদ প্রকাশিত হয়। এরপর উপজেলা প্রশাসন কাজটি বন্ধ রাখার নির্দেশ দেন।
কিন্তু গতকাল মঙ্গলবার সরেজমিনে গিয়ে দেখা যায় প্রশাসনের নিষেধাজ্ঞা অমান্য করে নির্মান কাজ চলছিল। এ বিষয়ে পিআইও নিরঞ্জন চক্রবর্তীর কাছে জানতে চাওয়া হলে তিনি বলেন, আমার জানামতে কাজটি স্থগিত আছে।

সেই সাথে পশ্চিম পাশে স্মৃতিস্থম্ভ নির্মান কাজে ব্যবহার হচ্ছে নিম্ন মানের ইট। এ নিয়ে সংবাদ প্রকাশের পরও ইট গুলোকে ব্যবহার করা হচ্ছে। এ বিষয়ে পিআইও বলেন, এর উপর দিয়ে ঢালাই হবে।

অথচ এর আগে তিনি বলেন, স্মৃতিস্থম্ভ নির্মানে কোন জায়গায় নিম্নমানের ইট ব্যবহার করার সুযোগ নেই। অভিযোগ উঠেছে পিআইও অফিসের জোগসাজোসেই নির্মান কাজ চলছে।

চলমান কাজ পরিদর্শনে পিআইও অফিস থেকে শাহিন নামের একজন ইকো পার্কে অবস্থান করেন। কিন্তু বাস্তবে এর কোন প্রমান পাওয়া যায়নি।

এ বিষয়ে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহন করা হবে বলে জানান উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

কুষ্টিয়ায় প্রথমবারের মতো ২ জন করোনা রোগী শনাক্ত

কুষ্টিয়ায় প্রথমবারের মতো করোনা ভাইরাসে আক্রান্ত

দুজন ব্যক্তি শনাক্ত হয়েছে। এরা দুজনই পুরুষ। বুধবার (২২ এপিল) সকালে কুষ্টিয়ার সিভিল সার্জন এইচএম আনোয়ারুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

আক্রান্তরা হলেন—কুষ্টিয়ার শহরের পেসকার আলীর ছেলে তপন (৩০) এবং

অন্যজন কুমারখালীর কয়া ইউনিয়নের মৃত শুকুর আলীর ছেলে আক্কাস আলী (৬৯)।

সিভিল সার্জন জানান, কুষ্টিয়া থেকে পাঠানো নমুনার মধ্যে দুই জনের রেজাল্ট পজেটিভ এসেছে বলে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের করোনাভাইরাস পরীক্ষার ল্যাব থেকে জানানো হয়েছে। তারা এখন পর্যন্ত বাড়িতেই আছেন।

তবে তাদের বাড়িতে রেখে চিকিৎসা দেওয়া হবে নাকি হাসপাতালের আইসোলেশনে নেওয়া হবে, সেটা পরে জানানো হবে বলে জানান জেলার এই সিভিল সার্জন।

করোনার থাবা মেহেরপুরে:: শহরে রিক্সা, ইজিবাইক ও ভ্যান চলাচল নিষিদ্ধ

মেহেরপুরে প্রথম করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ার পর মেহেরপুরে যানবাহন চলাচলে নিষিদ্ধ করেছে জেলা প্রশাসন।
আজ বুধবার দুপুর ১২ টার দিকে মেহেরপুর জেলা প্রশাসন থেকে মাইকিং করে এ সংক্রান্ত ঘোষনা দেওয়া হয়। এ ঘোষনা সাথে পুলিশ বিভাগের পক্ষ থেকে শহরের বিভিন্ন স্থানে কঠোর অভিযান চালাচ্ছে পুলিশ।

মুজিবনগরের ব্র্যাক অফিস লকডাউন

মেহেরপুরের মুজিবনগরে ব্র্যাক অফিসের এক স্বাস্থ্য কর্মীর করোনা সনাক্ত হওয়ার পর মুজিবনগর ব্র্যাক অফিস অফিস লকডাউন করা হয়েছে।

আজ সকালে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: উসমান গনি এ ঘোষনা দেন। একই সঙ্গে ব্র্যাক অফিসের সকল কর্মকর্তা কর্মচারীদের অফিসে না এসে বাসায় বসে কাজ করার নির্দেশ দেন। এসময় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রেজওয়ান আহমেদ উপস্থিত ছিলেন।

মুজিবনগর উপজেলা ব্র্যাক অফিসে ২৩ জন স্টাফের মধ্যে ১৭ জন অফিস নিবাসী এবং ৬ জন বিভিন্ন বাড়িতে ভাড়ায় থাকেন। এদের মধ্যে অফিসের ১৭ জনকে অফিসে থাকার এবং বাকি ৬ জনকে নিজ নিজ ভাড়া বাড়িতে হোম কোয়ারেন্টিনে থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

করোনা সনাক্ত হওয়া ওই কর্মীর বয়স আনুমানিক ৩৫ বছর। তিনি চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানার মুন্সিগঞ্জ গ্রামের বাসিন্দা। দাপ্তরিক কাজে গত ২০ তারিখে কুষ্টিয়া গেছিলেন। ওই দিন থেকে হালকা জ্বর ও কাশিতে ভুগছিলেন। তিনি সেই সন্দেহে স্বেচ্ছায় নমুনা পাঠানোর স্বাস্থ্য বিভাগকে জানিয়েছিলেন।